

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(ব্যবসা ও বাণিজ্য শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯১০০.০২০.৩৬.০০২.১১.

৯২ (৭০)

তারিখ :

২২ চৈত্র ১৪২৪

৪ এপ্রিল ২০১৮

বিষয় : অত্যাৱশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ ১৯৮১ এর বিষয়ে অবহিতকরণ সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অত্যাৱশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ ১৯৮১ এর আওতায় নতুন করে ১০ (দশ) ধরনের পণ্য অত্যাৱশ্যকীয় পণ্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। অত্যাৱশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ ১৯৮১ এর ২২(১) অনুচ্ছেদে বর্ণিত আছে যে, উৎপাদনকারী এবং আমদানীকারক ব্যতীত অন্যান্য অত্যাৱশ্যকীয় পণ্য গুদামজাত; পাইকারী ও খুচরা পর্যায়ে বিক্রয় করতে হলে জেলা প্রশাসকের পূর্বানুমতির প্রয়োজন।

অত্যাৱশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ ১৯৮১ এর আওতায় নতুন করে ১০ টি পণ্যের অন্তর্ভুক্তি বিষয়ে সংশ্লিষ্ট পণ্য ব্যবসায় জড়িত ব্যবসায়ীদের সমন্বয়ে এক অবহিতকরণ সভা আগামী ১০ এপ্রিল, ২০১৮ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.৪৫ মিনিটে জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত অবহিতকরণ সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

Mety ৪/৪/১৮
(রাসনা শারমিন মিথি)
সহকারী কমিশনার
ব্যবসা ও বাণিজ্য শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
☎ ০৮২২-৭১০৪৩৬
E-mail : actandc@gmail.com

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
- ০২। পুলিশ সুপার, সিলেট।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
- ০৪। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট।
- ০৫। সিভিল সার্জন, সিলেট।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), -----, সিলেট। বর্ণিত সভায় উপস্থিতসহ অত্যাৱশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ ১৯৮১ এর বর্ণিত পণ্য ব্যবসায় জড়িত ব্যবসায়ীদেরকে অবহিতকরণ সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। নেজারত ডেপুটি কালেক্টর সিলেট। সভায় ধার্য তারিখ ও সময়ে সভা কক্ষ প্রস্তুত রাখাসহ আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। উপ-পরিচালক, তথ্য অধিদপ্তর, সিলেট। তাকে ধার্য তারিখে সভাকক্ষে সাউন্ড সিস্টেম চালু রাখার জন্য অনুরোধ করা হলো।
- ০৯। উপ-পরিচালক, বিএসটিআই, সিলেট।
- ১০। জেলা বাজার কর্মকর্তা, সিলেট।
- ১১। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট।
- ১২। সভাপতি/সম্পাদক, দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি/দি সিলেট মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি/দি সিলেট উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট।
- ১৩। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব/সিলেট প্রেসক্লাব, সিলেট।
- ১৪। সভাপতি/সম্পাদক, -----ব্যবসায়ী সমিতি (সংশ্লিষ্ট সকল), সিলেট।
- ১৫। সভাপতি/সম্পাদক, দৈনিক ----- পত্রিকা, সিলেট। বিজ্ঞপ্তি আপনার বহুল পত্রিকায় প্রেস রিলিজ আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, সিলেট। জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৭। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৮। -----
- ১৯। অফিস কপি।